

হয়েছে।

### ফেনী কারিগরি মহাবিদ্যালয় ৪ বছর পর আবারো চালু

ফেনী থেকে সংবাদদাতা : জয়নাল হাজারী কর্তৃক বহু ক্লমে দেয়া ফেনী কারিগরি মহাবিদ্যালয় দীর্ঘ ৪ বছর পর আবারো চালু করা হয়েছে। মহাবিদ্যালয়টি ছাত্রদের পদচারণায় এখন মুখর। গত ২২শে মার্চ সকাল ১০টায় মহাবিদ্যালয়টি পরিদর্শন করেন ফেনী জেলা বিএনপির সভাপতি মোশাররফ হোসেন এমপি ও সাধারণ সম্পাদক অধ্যাপক জয়নাল আবেদীন এমপি। পরে মহাবিদ্যালয় প্রাঙ্গণে এক আলোচনা সভা কলেজ অধ্যক্ষ মাহফুজুর রহমান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এছাড়া বিকেলে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।